ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট-১
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফইপিডি-১ সার্কুলার নম্বর ১৯

তারিখ: আষাঢ় ২৮, ১৪৩৩
জুলাই ১২, ২০২৬

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

**২০২৬-২০২৭ অর্থবছরে রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান।**

প্রিয় মহোদয়গণ,

শিরোনামোক্ত বিষয়ে এফইপিডি-১ সার্কুলার নম্বর ১৭, তারিখঃ জুলাই ০৫, ২০২৬-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উপরোল্লিখিত সার্কুলারের পরিশিষ্ট-ক, ক্রমিক-১ এ রপ্তানিমুখী দেশিয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক-এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা ১.৫০% নির্ধারিত রয়েছে। সরকারি সিদ্ধান্ত অনুসারে আলোচ্যখাতে বিদ্যমান নগদ সহায়তা ১.৫০% হতে বৃদ্ধি করে ৫.০০% নির্ধারণ করা হলো। এক্ষেত্রে রপ্তানিকারককে (বিজিএমইএ/বিকেএমইএ/অন্যান্য এসোসিয়েশনের সদস্য) প্রণোদনা গ্রহণের পূর্বে দেশিয় উৎস থেকে কাঁচামাল (সুতা/কাপড়) সংগ্রহের প্রমাণক দাখিল করতে হবে। সুতা/কাপড় সংগ্রহের ক্ষেত্রে এফই সার্কুলার নম্বর ০৭, তারিখঃ জুন ০৩, ২০০৩ এবং এফই সার্কুলার নম্বর ০৯, তারিখঃ মার্চ ০৫, ২০০১-এর নির্দেশনাসহ সংশ্লিষ্ট অন্যান্য সকল সার্কুলার/সার্কুলার পত্রের প্রযোজ্য নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে।

০৩। বর্ধিত সুবিধা জুলাই ০১, ২০২৬ থেকে জুন ৩০, ২০২৭ তারিখ পর্যন্ত জাহাজিকৃত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য নির্দেশনা দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি-১)
ফোন নম্বর : ৯৫৩০১২৩